



অনলাইনে EIIN এর জন্য আবেদন ফরম পূরণে করণীয়

- (১) অনলাইন EIIN আবেদন ফরম পূরণের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের ছবি Scan করুন, ছবির রেজুলেশন সর্বোচ্চ ১০২৪ x ১০২৪ pixel এবং .jpg ফরমেটে হতে হবে।
- (২) শিক্ষা মন্ত্রণালয়ের পাঠদানের সম্মতিপত্র, শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপত্রের কপি, মহাপরিচালক ব্যানবেইস বরাবর EIIN এর জন্য আবেদনের কপি আলাদা আলাদা ফাইলে .pdf ফরমেটে Scan করতে হবে।
- (৩) ব্যানবেইস জরিপের তথ্য ছক পূরণ করার পর তাতে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারের প্রতिस্বাক্ষর গ্রহণ করে সম্পূর্ণ ফরম .pdf ফরমেটে ১টি ফাইলে Scan করতে হবে। ফাইলের সাইজ কোন অবস্থাতেই ৫ MB এর বেশী হবে না।
- (৪) প্রতিষ্ঠানটির চার দিকের ৪টি সমজাতীয় শিক্ষা প্রতিষ্ঠানের EIIN, প্রতিষ্ঠানের সঙ্গে দূরত্ব ও দিক। সংগ্রহ করে অনলাইনে এন্ট্রি করতে হবে।
- (৫) প্রতিষ্ঠানের অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সংগ্রহ করে অনলাইন এ এন্ট্রি করতে হবে। এক্ষেত্রে পরবর্তী পৃষ্ঠায় বিস্তারিত বর্ণনা অনুসরণ করতে হবে।
- (৬) অনলাইন EIIN ফরম পূরণ করে আবেদন ও কাগজপত্র www.banbeis.gov.bd এর মধ্যে অনলাইন EIIN এ সাবমিট করতে হবে। আবেদন সাবমিট হওয়ার সঙ্গে সঙ্গে প্রতিষ্ঠানের মোবাইল নম্বরে SMS মাধ্যমে ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড চলে যাবে। পরবর্তিতে অনলাইনে ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আবেদনের অবস্থান জানা যাবে।
- (৭) আবেদনের অবস্থা জানতে এবং EIIN সনদ সংগ্রহ করার জন্য ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে।
- (৮) চূড়ান্ত অনুমোদনের পর পুনরায় EIIN সহ মোবাইলে SMS যাবে। www.banbeis.gov.bd সাইটে অনলাইন EIIN এ Click করতে হবে। Institute Tracking Menu তে click করে পূর্বে প্রেরিত ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড দিয়ে EIIN সনদ প্রিন্ট করা যাবে।
- (৯) এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও UITRCE এর সহকারী প্রোগ্রামারের সহযোগিতা পাওয়া যাবে।

আবেদনকৃত দরখাস্ত আপনার প্রতিষ্ঠানের মোবাইলে ফেরত বার্তা গেলে করণীয়ঃ

- ❖ www.banbeis.gov.bd সাইটে অনলাইন EIIN এ Click করতে হবে। Institute Tracking Menu তে Click করে পূর্বের প্রেরিত ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড দিয়ে প্রবেশ করুন। উপরে ডান কোণায় EDIT বাটনে Click করে প্রয়োজনীয় কাজ শেষ করে Submit বাটনে Click করুন।

বিঃ দ্রঃ স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা, স্বতন্ত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বেসিক ৩৬০ ঘন্টার ট্রেনিং সেন্টার ও ইংলিশ মিডিয়াম স্কুলের EIIN প্রদান করা হয় না।

নতুন শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এর জন্য Latitude এবং Longitude নির্ণয়

- Android mobile এর Internet চালু করুন। এক্ষেত্রে চাইনিজ ক্রোন/ নিম্নমানের ফোন ব্যবহার করা যাবেনা।
- মোবাইলের Location/GPS on করে নিন।
- Play Store থেকে BANBEIS GIS Survey App টি Install করুন।
- Install হলে GIS Survey নামে নতুন একটি Apps মোবাইলে দেখা যাবে। Apps টি Click করুন।
- Get Survey Form এ Click করুন।
- User Name এ banbeis লিখুন।
- Password এ 123456 লিখে ok দিন।
- BANBEIS-SURVEY-NEW
- BANBEIS-SURVEY-UPDATE

নামে ২টি Survey Form দেখা যাবে। টিক চিহ্ন দিয়ে Get selected এ Click করুন। success দেখালে OK দিন।

- এবার আপনার প্রতিষ্ঠানে মাঠের মধ্যখানে বা মোটামুটি মধ্য গিয়ে Start Survey তে Click করুন
- এরপর BANBEIS-SURVEY-NEW তে Click করুন।
- আপনার প্রতিষ্ঠানের District এর প্রথম অক্ষর টাইপ করার সংক্ষেপে সংক্ষেপে District এর নাম দেখা যাবে।
- বাটনে আঙুল দিয়ে Tap করলে Select হবে। এবার আঙুল দিয়ে বামে সরালে Upazila/Thana নাম আসবে। পূর্বের ন্যায় প্রতিষ্ঠানের উপজেলা Select করে আঙুল দিয়ে সরান।
- এবার Institute type আসবে। আপনার প্রতিষ্ঠানের type Select করে একই ভাবে আঙুল দিয়ে বামে সরান।
- এবার আপনার প্রতিষ্ঠানের নাম সঠিকভাবে ইংরেজিতে লিখুন। লেখা হলে একই ভাবে আঙুল দিয়ে সরান।
- এবার Take Picture আসবে, আপনার প্রতিষ্ঠানের একটি ছবি তুলুন বা পূর্বের তোলা ছবি আপলোড দিন এবং অপেক্ষা করুন, ok বা দিন।
- এরপর ছবি আসলে আঙুল দিয়ে বামে সরালে Start Geo Point লেখা আসবে।
- Start Geo Point লেখা আসলে আঙুল দিয়ে Tap করে অপেক্ষা করুন, একসময় Accuracy 4 বা ঘুরে শেষ হলে

Latitude:

Longitude:

Altitude:

Accuracy:

- Value গুলো দেখাবে (Value গুলো খাতায় লিখুন বা স্ক্রিন সট নিয়ে সংরক্ষণ করুন) এরপর আঙুল দিয়ে বামে সরান। Save and Exit দেখতে পাবেন, এতে আঙুল দিয়ে Tap করুন।
- Send Survey Data (1) দেখতে পাবেন। এতে আঙুল দিয়ে চাপুন এরপর BANBEIS-SURVEY-NEW তে টিক দিয়ে নিচে Send Selected এ Click করলে ঘুরতে ঘুরতে একসময় Success দেখাবে। তখন ok দিয়ে কাজটি শেষ করুন। আপনি যে Latitude, Longitude ইত্যাদি লিখে রেখেছেন তা পরবর্তীতে EIIN নম্বর আবেদন করার সময় ও অন্যান্য কাজে ব্যবহার করতে পারবেন।

ধন্যবাদ